

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

প্রধানমন্ত্রীর সাথে স্কুল ছাত্র-ছাত্রী ও শ্রমজীবী শিশুদের সাক্ষাৎ

ইউএনবি ॥ শিশুদের জন্য হ্যাঁ বলুন কর্মসূচীর সমাপনী উপলক্ষে রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা তাদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে গতকাল রবিবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করে। তারা শিক্ষা, নিরাপত্তা এবং মেধার চর্চাসহ তাদের জীবনের সঙ্গে সম্পর্কিত দশটি বিষয় প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরে। প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের দাবী-দাওয়া পূরণে তার সর্বাত্মক সহায়তার আশ্বাস দেন। তিনি জানান, আগামী ৮ থেকে ১০ মে শিশুদের বিষয়ে অনুষ্ঠিতব্য 'জাতিসংঘের বিশেষ অধিবেশনে তিনি এইসব বিষয় উত্থাপন করবেন। প্রধানমন্ত্রী গতকাল স্কুলে যেতে পারে না এমন বেশকিছু প্রতিবন্ধী, উপহাস্য ও শ্রমজীবী শিশুকে সাক্ষাৎ প্রদান করেন। তিনি তাদের সৃষ্টিভাবে বেড়ে ওঠার জন্য সর্বকম সম্ভাব্য সহযোগিতার আশ্বাস দেন। গত সন্ধ্যায় তার সরকারী কার্যালয়ে এই সাক্ষাৎকালে তিনি বলেন, শিশুদের উন্নয়ন নিশ্চিত করা তার সরকারের প্রধান দায়িত্ব।